

ছাত্রদের প্রতি শিক্ষামন্ত্রীর আহ্বান

শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সুনাম অফুন্স রাখার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। গত বুধবার সন্ধ্যা ৭টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্র প্রতিনিধি পরিষদের অডিটরিয়াম-২০০১ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন চত্বরে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ডাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মো. আবদুল হালিম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অডিটরিয়ামে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতাকালে তিনি এ আহ্বান জানান। তিনি বলেন, দেশ ও জাতির উন্নয়নে আমাদের সবাইকে এগিয়ে আসতে হবে।

আলোচনা অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন শিক্ষা উপমন্ত্রী মো. আবদুস সালাম পিক্টু, সংসদ সদস্য ডা. দেওয়ান মো. সালাউদ্দিন, সংসদ সদস্য এ কে এম ফজলুর হক মিলন, ছাত্র প্রতিনিধি পরিষদের সহ-সভাপতি রেজাউল হক ও সম্পাদক জরিফ উদ্দিন আহম্মদ। অডিটরিয়ামে নির্বাচিত ছাত্র-প্রতিনিধি পরিষদের সদস্যবৃন্দকে শপথ বাক্য পাঠ করান ডাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মো. আবদুল হালিম খান। অনুষ্ঠানটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে শেষ হয়। সংবাদ বিজ্ঞপ্তি।